যুগান্তর

তারিখ: 5 OCT 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# শিক্ষকদের জন্য আলাদা বেতন কমিশন হবে: শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষা নয়, ঋণ পরিশোধ খাতে বর্তমানে সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রোববার জাতীয় প্রেস ক্লাবে 'বিশ্ব শিক্ষক দিবস' এর আলোচনায় একথা বলেন। তিনি ঘোষণা করেন, শিক্ষকদের রাষ্ট্রীয়, সামাজিক ও আর্থিক মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে আলাদা বেতন কমিশন গঠন করা হবে। পর্যায়ক্রমে এ কমিশন গঠন করা হলেও সরকার ঘোষিত পে-স্কেলে তারা বর্ধিত বেতন পাবেন। আর যখন থেকেই নতুন স্কেল বাস্তবায়িত হোক না কেন, তা গত জুলাই মাস থেকে কার্যকর হবে। জাতীয় প্রেস ক্লাবের হলরুমে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট 'ভবিষ্যৎ নির্মাণের জন্য

শিক্ষকদের : পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## শিক্ষকদের বেতন

(১৬ পৃষ্ঠার পর)

এখনই শিক্ষকদের জন্য বিনিয়োগ' শীর্ষক ওই আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। শিক্ষামন্ত্রী এতে প্রধান অতিথি ছিলেন। ফ্রন্টের প্রধান সমন্বয়ক ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের, ট্রেজারার অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে এতে অন্যান্যের মধ্যে শিক্ষাবিষয়ক সংসদীয় কমিটির সভাপতি রাশেদ খান মেনন এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ প্রমুখ বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী বলেন, নতুন প্রজন্মকে গড়ে তোলার জন্য আধুনিক মানসম্পন্ন শিক্ষা দেয়া হবে। এ জন্য শিক্ষকদের পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। তিনি বলেন, গত অর্থবছরে ৫ কোটি ৫৫ লাখ ২ হাজার ৫শ' টাকা ব্যয়ে ৪ হাজার ৪৪১ জন শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া আগামী অর্থবছরে ১ কোটি ৩০ লাখ ৮ হাজার টাকা ব্যয়ে ১ হাজার ৪৭ জন শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হবে। শিক্ষামন্ত্রী আরও বলেন, প্রতি বছর শিক্ষা খাতে সর্বোচ্চ বাজেট দেয়া হয় একথা ঠিক নয়। বাজেটে সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয় সুদ পরিশোধ করতে।